

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১ তলা)

১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ

সূত্রঃ এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৪২

তারিখঃ ডিসেম্বর ৩০, ২০১২

নির্দেশনা

Non-Discretionary Portfolio Management-এর ক্ষেত্রে অমনিবাস হিসাব থেকে গ্রাহকের পৃথক বিও হিসাব-এ রূপান্তর

(ক) ইস্যুয়ার কোম্পানী এবং মিউচুয়াল ফান্ড

Securities and Exchange Ordinance, 1969 এর 20A ধারায় প্রদত্ত ক্ষমতাবলে কমিশন, মার্চেন্ট ব্যাংকার এ রক্ষিত Non-Discretionary হিসাব পরিচালনার ক্ষেত্রে ইস্যুয়ার কোম্পানী অথবা মিউচুয়াল ফান্ড এর জন্য নিম্নবর্ণিত নির্দেশনা জারী করল; যা অনতিবিলম্বে কার্যকর হবেঃ

- (১) ইস্যুয়ার কোম্পানী অথবা মিউচুয়াল ফান্ড লভ্যাংশ অথবা ভগ্নাংশ বোনাস এর বিক্রয়লব্ধ অর্থ প্রদানের ক্ষেত্রে মার্জিন ঋণ শ্রেণীভুক্ত বিও হিসাবসমূহের ডিভিডেন্ড এর টাকা একত্রে উক্ত বিও হিসাবসমূহের তালিকাসহ একটি চেক বা ডিভিডেন্ড ওয়ারেন্ট এর মাধ্যমে তাদের ডিপিকে প্রেরণ করবে। উক্ত ডিপি পরবর্তীতে তালিকা অনুযায়ী তা বিনিয়োগকারীদের হিসাবে বন্টন করবে;
- (২) পোর্টফোলিও ম্যানেজারের অনুমতি ব্যতিত তার কোন মার্জিন ঋণ গ্রাহক রাইট শেয়ার রিনানসিয়েট করতে পারবে না। এ ব্যাপারে পোর্টফোলিও ম্যানেজার সংশ্লিষ্ট ইস্যুয়ার কোম্পানীর সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(খ) মার্চেন্ট ব্যাংকার

Securities and Exchange Ordinance, 1969 এর 20A ধারা এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর ২ক বিধির প্রদত্ত ক্ষমতাবলে কমিশন, মার্চেন্ট ব্যাংকার Non-Discretionary Portfolio Management-এর ক্ষেত্রে, তার অমনিবাস হিসাব পরিচালনার ক্ষেত্রে মার্চেন্ট ব্যাংকার এর জন্য নিম্নবর্ণিত নির্দেশ জারী করল; যা অনতিবিলম্বে কার্যকর হবেঃ

- (১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর ৩০(৪) ও ৩০(৬) অনুযায়ী মার্চেন্ট ব্যাংকারসমূহকে সকল Non-Discretionary গ্রাহকদের হিসাব আগামী ২৮.০২.২০১৩ এর মধ্যে পৃথক বিও হিসাব-এ স্থানান্তর সম্পন্ন করতে হবে;
- (২) প্রত্যেক মার্চেন্ট ব্যাংকার এর জন্য তাদের নিজস্ব কাস্টডি ডিপির মাধ্যমে বিনিয়োগকারীদের বাধ্যতামূলকভাবে বিও হিসাব খুলতে হবে;
- (৩) মার্চেন্ট ব্যাংকার এর বিনিয়োগকারীদের স্বতন্ত্র বিও হিসাব খোলার ক্ষেত্রে প্রাথমিকভাবে প্রাপ্ত তথ্য অন্তর্ভুক্ত করে এবং অপ্রাপ্য ক্ষেত্র সমূহ (যেমনঃ মায়ের নাম, পোষ্ট কোড, জন্ম তারিখ ইত্যাদি) কিছু বিশেষ তথ্য দ্বারা (যেমনঃ 'Not available', '0000', '99/99/9999') পূরণ করার মাধ্যমে বিও হিসাব খুলতে পারবে। অসম্পূর্ণ তথ্যের ক্ষেত্রে পরবর্তী এক মাসের মধ্যে সম্পূর্ণ তথ্য বিও (BO) হিসাব ফরমে সন্নিবেশিত করতে হবে;
- (৪) পোর্টফোলিও ম্যানেজারের অনুমতি ব্যতিত তার কোন মার্জিন ঋণ গ্রাহক রাইট শেয়ার রিনানসিয়েট করতে পারবে না। এ ব্যাপারে পোর্টফোলিও ম্যানেজার সংশ্লিষ্ট ইস্যুয়ার কোম্পানীর সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১ তলা)

১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ

(৫) মার্চেন্ট ব্যাংকার এর Non-Discretionary হিসাব হতে স্বতন্ত্র বিও হিসাব এ স্থানান্তর বিষয়টি সকল বিনিয়োগকারীদের অবগতির জন্য মার্চেন্ট ব্যাংকারসমূহ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করবে।

(গ) সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)

Securities and Exchange Ordinance, 1969 এর 20A ধারা এবং ডিপজিটরি আইন, ১৯৯৯ এর ১৪(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে কমিশন, মার্চেন্ট ব্যাংকার এ রক্ষিত Non-Discretionary হিসাব পরিচালনার ক্ষেত্রে সিডিবিএল এর জন্য নিম্নবর্ণিত নির্দেশ জারী করল; যা অনতিবিলম্বে কার্যকর হবেঃ

(১) Non-Discretionary হিসাবের গ্রাহকদের সিকিউরিটিজসমূহ বিনা ফিতে নিম্নবর্ণিত ভাবে পৃথক বিও হিসাবে স্থানান্তরের জন্য সিডিবিএল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেঃ

ক. বিদ্যমান Non-Discretionary হিসাব হতে 'Cut off' তারিখে প্রথমবারের মত বিনিয়োগকারীদের স্বতন্ত্র বিও হিসাবে শেয়ার ট্রান্সফার;

খ. 'Cut off' তারিখের পূর্বে ক্রয়কৃত শেয়ার, বোনাস শেয়ার এবং রাইট শেয়ারসমূহের ক্ষেত্রে ম্যাচিউরড তারিখ ও বন্টন তারিখ যদি 'Cut off' তারিখের পর হয়, তবে সেক্ষেত্রে শেয়ার সমূহের ট্রান্সফার।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে


অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন ৩০/১২/১২

চেয়ারম্যান

বিতরণঃ

- ১। সভাপতি, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার এসোসিয়েশন।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল মার্চেন্ট ব্যাংক।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা ও ব্যবস্থাপনা পরিচালক, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিঃ।
- ৪। সভাপতি, এসোসিয়েশন অব অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিজ এবং মিউচুয়াল ফান্ডস।
- ৫। সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিক লিস্টেড কোম্পানিজ।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক, সকল লিস্টেড কোম্পানিজ
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক, সকল মিউচুয়াল ফান্ড

অনুলিপিঃ

- ১। নির্বাহী পরিচালক (এসআরএমআইসি), এসইসি।
- ২। নির্বাহী পরিচালক (এসআরআই), এসইসি।
- ৩। নির্বাহী পরিচালক (সার্ভেইল্যান্স), এসইসি।
- ৪। নির্বাহী পরিচালক (মিউচুয়াল ফান্ড এন্ড এসপিভি), এসইসি।
- ৫। নির্বাহী পরিচালক (সিডিএস), এসইসি।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, এসইসি।